



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারকঃ ১৪.৩২.০০০০.০০৬.৩১.১০০.১৫.৫৯

তারিখঃ ২২/০২/২০১৮

বিষয়ঃ আন্তর্জাতিক ইনকামিং কল টার্মিনেশন রেট পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে দেশে ইন্টারন্যাশনাল ইনকামিং কলের টার্মিনেশন রেট বর্তমান বাজার পরিস্থিতির প্রেক্ষিতে প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা নিশ্চিত করার প্রয়োজনে সরকার কর্তৃক ইতোপূর্বে অনুমোদিত কলরেটের মধ্যে নিম্নরূপভাবে কমিশন কল টার্মিনেশন রেট পুনঃনির্ধারণ করেছেঃ

- ১। সর্বনিম্ন কল টার্মিনেশন রেট (Floor Rate) ০.০১৭৫ মার্কিন ডলার/মিনিট
- ২। সর্বোচ্চ কল টার্মিনেশন রেট (Floor Rate) ০.০২৫০ মার্কিন ডলার/মিনিট
- ৩। সর্বনিম্ন কল টার্মিনেশন রেট ০.০১৭৫ মার্কিন ডলার/মিনিট এর ভিত্তিতে রেভিনিউ শেয়ার হবে।
- ৪। এ ছাড়াও এই বিষয়ে নিম্নোক্ত বিষয়াবলী অনুসরণ করা হবেঃ

(ক) মূল্যবান বৈদেশিক মুদ্রা আহরণে বিটিসিএলসহ সকল আইজিডব্লিউ অপারেটর কমিশন কর্তৃক নির্ধারিত রেঞ্জ সর্বোচ্চ কলরেটে আন্তর্জাতিক কল টার্মিনেশন করবে। এর ব্যত্যয় হলে দেশে বৈদেশিক মুদ্রা কম আনা হয়েছে মর্মে গণ্য করা হবে। প্রয়োজনে বিটিআরসি এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সহায়তা গ্রহণ করবে।

(খ) আইওএফ অবৈধ পথে আন্তর্জাতিক কল টার্মিনেশন বন্ধ/রোধ করার জন্য বিটিআরসিকে সার্বিক সহযোগিতা দিবে।

(ঘ) অবৈধ পথে আন্তর্জাতিক কল টার্মিনেশন বন্ধ/রোধ করার জন্য বর্তমানে বিদ্যমান ব্যবস্থা জোরদার ও আধুনিকায়নের পাশাপাশি অন্যান্য প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

পত্র জারীর তারিখ হতে উপরোক্ত কলরেট এবং বিষয়াদি কার্যকর হবে।

লেঃ কর্নেল মোহাম্মদ আবিজুর রহমান সিদ্দিকী  
পরিচালক, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ  
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

সদয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ, বিটিআরসি।
- ২। মহাপরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বিটিআরসি।
- ৩। সভাপতি, IGW অপারেটরস ফোরাম।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক (সকল) CMPO, PSTN, IPTSP লাইসেন্সধারী প্রতিষ্ঠান।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক (সকল) IGW লাইসেন্সধারী প্রতিষ্ঠান।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক (সকল) ICX লাইসেন্সধারী প্রতিষ্ঠান।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

- ১। মাননীয় মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর একান্ত সচিব।
- ২। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ৩। চেয়ারম্যান, বিটিআরসি মহোদয়ের এর ব্যক্তিগত কর্মকর্তা।